# শিয়া আকীদা সম্পর্কে ইবন তাইমিয়্যার মিনহাজুস সুন্নাহ থেকে নির্বাচিত কিছু কথা

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন ও উত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

১৫. প্রশ্ন: রাফেযীদের নিকট সঠিক দ্বীনদারী ও জিহাদ আছে কি?

১৫. উত্তর: দুনিয়ার প্রতি তাদের ভালবাসা এবং তার প্রতি তাদের লোভ-লালসার বিষয়টি সুস্পষ্ট; আর এই জন্য তারা হোসাইন রাদিয়াল্লাহু 'আনহুর কাছে চিঠি লিখেছিল; অতঃপর তিনি যখন তাদের নিকট তাঁর চাচতো ভাইকে পাঠালেন, তারপর তিনি যখন স্বশরীরে আগমন করলেন, তখন তারা তাঁর সাথে প্রতারণা করেছে এবং দুনিয়ার বিনিময়ে আখেরাতকে বিক্রয় করে দিয়েছে; তারা তাঁকে তাঁর শত্রুর কাছে সমর্পণ করেছে এবং তারা তাঁর শত্রুর সাথে যোগ দিয়ে তাঁকে হত্যা করেছে; সুতরাং ঐসব লোকদের নিকট কোন্ দ্বীনদারী থাকতে পারে? আর তাদের নিকট কোন্ জিহাদই বা আছে?

আলী ইবন আবি তালিব রাদিয়াল্লাহু 'আনহু তাদের নিকট থেকে এমন বহু তিক্ত অভিজ্ঞতার স্বাদ গ্রহণ করেছেন, যা আল্লাহ ছাড়া অন্য কেউ জানেন না, এমনকি তিনি তাদের বিরুদ্ধে বদদো'আও করেছেন। তিনি বলেছেন: “হে আল্লাহ আমি তাদের উপর বিরক্ত, আর তারাও আমার উপর বিরক্ত। সুতরাং আপনি আমার জন্য তাদের জায়গায় তাদের চেয়ে ভালো লোকের ব্যবস্থা করে দিন। আর তাদের জন্যও আমার জায়গায় আমার চেয়ে খারাপ লোকের ব্যবস্থা করে দিন।” [পৃ. ৯০ - ৯১, ২য় খণ্ড]।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12648

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন